# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৫৬৪

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - হিসাব-নিকাশ, প্রতিশোধ গ্রহণ ও মীযানের বর্ণনা

## اَلْفصْلُ الثَّالِثُ (باب الحساب و القصاص و الميزان)

---

আরবী

وَعَنْهُ قَالَ: سُئِلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ (يَوْمٍ كَانَ مِقْدَارُهُ خَمْسِينَ ألف سنةٍ) مَا طُولُ هَذَا الْيَوْمِ؟ فَقَالَ: «وَالَّذِي نَفْسِي بِيَدِهِ إِنَّهُ لَيُخَفَّفُ عَلَى الْمُؤْمِنِ حَتَّى يَكُونَ أَهْوَنَ عَلَيْهِ مِنَ الصَّلَاةِ الْمَكْتُوبَةِ يُصَلِّيهَا فِي الدُّنْيَا» . رَوَاهُمَا الْبَيْهَقِيُّ فِي كِتَابِ «الْبَعْثِ وَالنُّشُورِ»

حسن ، رواه البیھقی فی البعث و النشور (لم اجدہ) [و احمد (3 / 75 ح 11740)] * انظر الحدیث السابق (5564) و للحدیث شاھد حسن ۔
(ضَعِيف)

বাংলা

৫৫৬৪-[১৬] উক্ত রাবী [আবূ সাঈদ আল খুদরী (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, একদিন রাসূলুল্লাহ (সা.) -কে ঐ দিন সম্পর্কে প্রশ্ন করা হলো যেদিনের পরিমাণ হবে পঞ্চাশ হাজার বছরের সমান। সেই অস্বাভাবিক দীর্ঘদিনে মানুষের অবস্থা কেমন হবে? তিনি (সা.) বললেন, সেই পবিত্র সত্তার শপথ, যার হাতে আমার প্রাণ! মু’মিনের জন্য সেদিন খুবই হালকা করা হবে, এমনকি দুনিয়াতে একটি ফরয সালাত আদায় করার সময়ের তুলনায় তার জন্য এটা হালকা সময় মনে হবে। (হাদীস দু’টি বায়হাক্বী’র “কিতাবুল বা’সি ওয়ানুশূর”-এ রিওয়ায়াত করেছেন)

ফুটনোট

যঈফ: শু’আবূল ঈমান অনুচ্ছেদ ১/৩২৪, মুসনাদে আহমাদ ১১৭৩৫, সানাদে ইবনু লাহী'আহ্ আছে।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (مَا طُولُ هَذَا الْيَوْمِ) অর্থাৎ এ দীর্ঘ দিনে মানুষের কী অবস্থা হবে? এত দীর্ঘ দিনে তারা দাঁড়াতে সক্ষম হবে? এ প্রশ্নের উত্তরে রাসূলুল্লাহ (সা.) বলেন, এ দীর্ঘ দিন পূর্ণ মু'মিনদের ওপর হালকা হবে।
এমনকি তাদের নিকটে একটি ফরয সালাত আদায়ের চাইতে বা তার জন্য কিয়াম করার সময়ের চাইতে সহজ হবে। যে সালাত তারা দুনিয়ায় আদায় করত। (মিরকাতুল মাফাতীহ)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85542

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন